



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৭৬

রাজশাহী বিভাগে নির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ আগামীকাল

রাজশাহী, ১৩ জ্যৈষ্ঠ (২৭ মে):

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের প্রথম ধাপে রাজশাহী বিভাগের ৮ জেলার ২৩ উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের শপথ আগামীকাল (২৮ মে) বেলা ১২টায় রাজশাহী শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হবে। বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর নির্বাচিত ঘোষিত জনপ্রতিনিধিগণকে শপথ বাক্য পাঠ করাবেন।

উল্লেখ্য যে, গত ৮ মে প্রথম ধাপে এই ২৩টি উপজেলাতে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।

.....
তৌহিদ/রুলুল/২০২৪/১৫.০০ঘ.